

🔳 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতের শ্রেষ্ঠ পাওয়া রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জানাতের শ্রেষ্ঠ পাওয়া

রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, "মহান প্রভু জান্নাতীদেরকে সম্বোধন করে বলবেন, হে জান্নাতের অধিবাসিগণ!' তারা উত্তরে বলবে, হে আমাদের প্রতিপালক! আমরা হাযির আছি, যাবতীয় সুখ ও কল্যাণ তোমার হাতে আছে। তখন আল্লাহ পাক বললেন, তোমরা কি সন্তুষ্ট হয়েছ? তারা বলবে, আমাদের কী হয়েছে যে, সন্তুষ্ট হব না? হে আমাদের প্রতিপালক! তুমি তো আমাদেরকে সেই জিনিস দান করেছ, যা তোমার কোন সৃষ্টিকে দান করনি। তখন তিনি বলবেন, এর চেয়েও উত্তম কিছু তোমাদেরকে দান করব না কি? তারা বলবে, এর চেয়েও উত্তম বস্তু আর কি হতে পারে?' মহান প্রভু জবাবে বলবেন, তোমাদের উপর আমার সন্তুষ্টি অনিবার্য করব। অতঃপর আমি তোমাদের প্রতি কখনো অসম্ভুষ্ট হব না।" (বুখারী-মুসলিম)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12207

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন